বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
<u>শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ</u>

বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের
<u>ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন রূপরেখা।</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ(প্রশাসন-১ শাখা)-র ২৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের পত্র নং ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-৩৩০ এর প্রেক্ষিতে বিগত ০৭.০৩.২০১৮ তারিখ রোজ বুধবার সন্ধ্যা ৬:৩০ঘটিকায় ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনার আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের রূপরেখা অনুযায়ী স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন বাস্তবায়নকল্পে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট সহকারী মহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ-

০১. স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষ্যে বাংলার ঐতিহ্য,সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে ব্যাংকের সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে সুসজ্জিত বাদকদল,রঙিন ব্যানার,পোস্টার,প্লাকার্ড ও অন্যান্য বর্ণিল উপকরণ ব্যবহারের মাধ্যমে বর্ণাঢ্য শোভাযাত্রা আগামী ২২.০৩.২০১৮ বেলা ৩:৩০ ঘটিকায় কৃষি ব্যাংক ভবনের সম্মুখ হতে শুরু হয়ে বিকেল ৩:৪৫ঘটিকায় বাংলাদেশ ব্যাংক চত্বর এলাকায় জমায়েত হবে। অতঃপর বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংক ও সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে বাংলাদেশ ব্যাংক চত্বর হতে দৈনিক বাংলা মোড় হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পূর্বগেইট দিয়ে স্টেডিয়ামে প্রবেশ করবে।

০২. কর্মসূচির ধারাবাহিকতায় আগামী ২৫.০৩.২০১৮ সকাল ১১.০০ঘটিকায় ব্যাংক ভবনের ১০ তলায় **"স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য"** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোহাম্মদ ইসমাইল এবং যথারীতি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মোঃ আলী হোসেন প্রধানিয়া সভাপতিত্ব করবেন।

০৩. ব্যাংকের প্রকিউরমেন্ট বিভাগ,কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ এবং এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ আলোচ্য কর্মসূচির নিম্নলিখিত সকল উপকরণ সরবরাহ এবং আয়োজন করবে:-

- অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত লগো ও শ্লোগানের পাশাপাশি ব্যাংকের নিজস্ব লগো ও শ্লোগান সম্বলিত (৪´X১২´) সাইজের রঙিন ব্যানার,
- ব্যাংকের দৃশ্যমান সেবা/সার্ভিসের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটির নাম সম্বলিত পোস্টার/প্লাকার্ড ও অন্যান্য বর্ণিল উপকরণ,
- বিশেষ করে শোভাযাত্রায় অংশ গ্রহনকারীদের জন্য অন্ততঃ ১০০পিস উজ্জল রং ক্যাপ ও টি-শার্ট (সাদার মধ্যে সবুজ টিয়া রং) সরবরাহ, টি-শার্টের সামনের অংশে আবশ্যিকভাবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত লগো ও শ্লোগান এবং পিছনের অংশে ব্যাংকের নিজস্ব লগো ও শ্লোগান থাকবে,
- প্রধান কার্যালয়ের বিভাগসমূহের অপরিহার্য কাজের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যতীত আনন্দশোভা যাত্রায় স্বতঃস্ফূর্ত সর্বোচ্চ সমাগম নিশ্চিত করবে,
- আগামী ২০-২৫ মার্চ,২০১৮ সেবা সপ্তাহ উপলক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয় ভবনের সামনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত লগো ও শ্লোগান এবং পাশাপাশি ব্যাংকের নিজস্ব লগো ও শ্লোগান সম্বলিত (৪´X১২´) সাইজের একটি ব্যানার প্রদর্শণীর ব্যবস্থা করবে,
- প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ/সংগঠনের সাথে যোগাযোগ ও আন্তঃসমন্বয়ের মাধ্যমে আগামী ২৫.০৩.২০১৮ সকাল ১১.০০ঘটিকায় ব্যাংক ভবনের ১০ তলায় অনুষ্ঠেয় আলোচনা সভা আয়োজনের যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন করবে।

০৪. স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ(প্রশাসন-১ শাখা) এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন রূপরেখা অনুযায়ী আগামী ২০-২৫ মার্চ,২০১৮ সেবা সপ্তাহ উপলক্ষ্যে ব্যাংকের মাঠপর্যায়ে বিভাগীয়, মুখ্য আঞ্চলিক, আঞ্চলিক পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের প্রধানসহ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল শাখা ব্যবস্থাপক স্থানীয় প্রশাসনের সাথে নিয়মিত যোগাযোগ করে প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের স্বতঃস্ফূর্ত অংশ গ্রহন নিশ্চিত করবেন। কর্মসূচিতে অংশ গ্রহনের পাশাপাশি দৃশ্যমানভাবে গ্রাহক সেবাদানের বিশেষ কর্মসূচি গ্রহন করবেন। আয়োজিত কর্মসূচিতে অংশ গ্রহন এবং সেবা সপ্তাহে ব্যাংক কর্তৃক গ্রাহক সেবাদানের বিশেষ কর্মসূচির একটি প্রতিবেদন ২৭.০৩.২০১৮ তারিখের মধ্যে অবশ্যই শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক হতে কাঙ্খিত কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্যে পরবর্তীতে কোন নির্দেশনা প্রাপ্ত হলে সংশ্লিষ্ট সকলে তা যথাযথভাবে পরিপালন করবেন।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখঃ ০৭.০৩.২০১৮

স্বাক্ষরিত
০৭.০৩.২০১৮
মোঃ আফজাল করিম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

পত্রনং-প্রকা/শানিব্যউবি-১(২৭)বিবিধ/২০১৭-২০১৮/ ৮৬১(১২৫০)

তারিখঃ ১৫.০৩.২০১৮

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। সিনিয়র সচিব,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার,চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়,পরিচালনা পর্ষদ,বিকেবি,প্রকা,ঢাকা।
০৩। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রকা,ঢাকা।
০৪। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি,প্রকা,ঢাকা। - <u>*উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।*</u>
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল উপমহাব্যবস্থাপক,কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

১৫.০৩.২০১৮
(মোঃ মিজানুর রহমান)
উপমহাব্যবস্থাপক